

# রাবির ভর্তি পরীক্ষায় জালিয়াতি, ৭ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা

রাবি প্রতিনিধি

১৯ এপ্রিল ২০২৩ ১১:৩২ এএম | আপডেট: ১৯ এপ্রিল

২০২৩ ০১:১৭ পিএম

21  
Shares



রাজশাহী বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

advertisement

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২১-২২ শিক্ষাবর্ষে জালিয়াতি করে ভর্তি হওয়ার অভিযোগে সাতজন শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল মঙ্গলবার নগরীর মতিহার থানায় এ মামলা করেন রেজিস্ট্রার অধ্যাপক আব্দুস সালাম।

মামলায় অভিযুক্তরা হলেন- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের মো. ইয়াছির আরাফাত (২০), ফিশারিজ বিভাগের মো. আলিফ হোসেন (২০), লোকপ্রশাসন বিভাগের আল শামস তামিম (১৯), ফেকলোর বিভাগের নজরুল ইসলাম, লোকপ্রশাসন বিভাগের শিশির আহমেদ (২১), ইলেক্ট্রনিকস এণ্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ফজলুল করিম মাহিন (২৩) ও আইন বিভাগের সাবেক শিক্ষার্থী শফিউল্লাহ (২৬)।

advertisement

মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক ও স্নাতক (সম্মান) প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা চলাকালে তিন ইউনিটে অসদুপায় অবলম্বন করে অংশগ্রহণ করেন অভিযুক্তরা। এতে ইয়াছির আরাফাত ও নজরুল ইসলামের হয়ে শিশির আহমেদ, আলিফ হোসেনের হয়ে ফজলুল করিম মাহিন, আল শামস তামিমের হয়ে শফিউল্লাহ প্রক্রি-পরীক্ষায় অংশ নেন।

পরীক্ষার্থী না হওয়া সত্ত্বেও এমন অসদুপায় অবলম্বন করা পাবলিক পরীক্ষা অপরাধ আইন-১৯৮০ অনুযায়ী অপরাধ সংঘটিত হয়েছে। তাই উক্ত অপরাধে অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা অভিযোগে বলা হয়েছে।

advertisement

উল্লেখ্য, গত বছর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় প্রক্রি দিতে এসে আটক পাঁচজনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়ে হাজতে পাঠানো হয়। এ ছাড়া প্রক্রিকাণ্ডে জড়িত থাকার অভিযোগে দুজন ভর্তিচ্ছুর ফলাফল বাতিল করা হয়।

21  
Shares